৩৬/

দৈনিক সংবাদ 2৬

তারিখ 23 JAN 1993
পৃষ্ঠা ... ৬ ... কলাম ... ৭ ...

# কৃষি বিশ্ববিদ্যালয়ে ছাত্রদলের কোন্দল ।। পরীক্ষা স্থগিত

ময়মনসিংহ, ২২শে জানুয়ারি (কৃষি বিশ্ববিদ্যালয় সংবাদদাতার ফোন)।– কৃষি বিশ্ববিদ্যালয়ে ছাত্রদলের অভ্যন্তরীণ কোন্দলের প্রেক্ষিতে আগামীকাল শনিবার অনুষ্ঠেয় কৃষি অনুষদের ৩য় বর্ষের পরীক্ষা স্থগিত ঘোষণা করা হয়েছে।

এ প্রসঙ্গে বাকসু জি এস এবং ছাত্রদল সভাপতি শাহাদত হোসেন চঞ্চল এক বিবৃতিতে বলেছেন, প্রশাসনের ছত্রছায়ায় ছাত্রদল থেকে বহিষ্কৃত কতিপয় ছাত্রদল নেতা বহিরাগত সন্ত্রাসীদের সহায়তায় সোহরাওয়ার্দী হলে অবস্থান নিয়েছে। আগামী ২৫শে জানুয়ারি সোমবার থেকে প্রথম বর্ষের ছাত্রছাত্রীদের ক্লাস শুরু হবার প্রাক্কালে অস্ত্রধারীদের গ্রেফতার করে ক্যাম্পাসে শান্তি বজায় রাখার জন্যে শাহাদত হোসেন চঞ্চল আহ্বান জানান।

বিদ্রোহী গ্রুপটি জানিয়েছে, ছাত্রদলের অভ্যন্তরে অন্য দল থেকে এসে এজেন্ট ঢুকেছে এবং তারাই এ ধরনের কাজ করছে। এ ব্যাপারে প্রশাসন নীরব রয়েছে। ক্যাম্পাসে পুলিশ মোতায়েন করা হয়নি। উপাচার্যও এ ব্যাপারে বিশেষ কোন ব্যবস্থা নিচ্ছেন্না।

বিশ্ববিদ্যালয়ে ছাত্রদলের অভ্যন্তরীণ কোন্দল ক্রমেই মারাত্মক পরিণতির দিকে এগিয়ে যাচ্ছে। জানা গেছে, গত ১৫ই জানুয়ারি ঈসা খাঁ হল সংসদের অভিষেকের সময় বাকসু জি এস শাহাদত হোসেন চঞ্চলের সঙ্গে ছাত্রদলের কয়েকজন কর্মীর বচসা হয়। ওই দিন রাত ৩টায় বাকসু'র সহ-ক্রীড়া সম্পাদক সৈয়দ আহমেদ খান বাবুকে প্রহার এবং বিভিন্ন হলে ভাংচুর করা হয়। ছাত্রদলের একটি অংশ সোহরাওয়ার্দী হলে এবং বৃহত্তর অংশ শামসুল হক হলে অবস্থান নেয়। গত ১৭ই জানুয়ারি ভোর রাতে শামসুল হক হলে আক্রমণ চালানো হয়। এ সময় দু'পক্ষের মধ্যে ৫০–৬০ রাউন্ড গুলিবিনিময় চলে। গত ১৮ই জানুয়ারি সাবেক রাষ্ট্রপতি জিয়াউর রহমানের জন্মবার্ষিকী উপলক্ষে ছাত্রদলের মিছিল বের হলে দুপুর আড়াইটায় শামসুল হক হলে আবারো আক্রমণ চালানো হয়।

এ সময় ৩০–৩৫ রাউন্ড গুলিবিনিময় হয়। প্রতি রাতে গুলি এবং ককটেলের শব্দে ক্যাম্পাস প্রকম্পিত হয়।